বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১০৯ তারিখ: ২৯ অক্টোবর ২০২৩

# পরিপত্র-৫

**বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত আসনের নির্বাচনে নির্বাচন-পূর্ব সময়ে অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণকল্পে 'নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)' এর কর্মকর্তাগণের জন্য দিক নির্দেশনা।**

আপনি অবগত আছেন যে, The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 91A এর Clause (1) এ নির্বাচন-পূর্ব সময়ে অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে '**নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)**' গঠন করা হয়েছে।

২। **নির্বাচনি অনুসন্ধান কমিটির দায়িত্ব ও কর্তব্য :** উক্ত Order এর Article 91A এর Clause (3) তে কমিটির কার্যক্রম সম্বন্ধে বলা হয়েছে যে, কমিটি প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অথবা নালিশের প্রেক্ষিতে অথবা স্ব-উদ্যোগে উক্ত Order এর অধিনে অপরাধ সংগঠন করে অথবা যে কোন নির্বাচন-পূর্ব অনিয়মসহ এমন কোন বিষয় বা পরিস্থিতি যা কমিটির বিবেচনায় অবস্থান নির্বিশেষে যে কোন ব্যক্তির কার্য বা ত্রুটি-বিচ্যুতি দ্বারা ভীতি প্রদর্শন, প্রতিবন্ধকতা, বল-প্রয়োগ অথবা মিথ্যা-বিবৃতি প্রচারের কারণ হয় অথবা অপর যে কোন কার্য বা ত্রুটি-বিচ্যুতি যার মাধ্যমে উক্ত Order এবং বিধির অধিন অবাধ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনা অথবা প্রস্তুতিকে প্রতিরোধ বা ব্যহত করার চেষ্টার বিষয়ে, তদন্ত করবে।

৩। উক্ত Order এর Article 91A এর Clause (4) ও Clause (5) এ কমিটির তদন্ত ও ক্ষমতা সম্বন্ধে বলা হয়েছে যে, উক্ত Order এর অধিনে দায়িত্ব পালনের ক্ষেত্রে এবং কমিশনের নির্দেশ সাপেক্ষে কমিটি, নির্বাচন শেষ হওয়ার পূর্বে উহা বিবেচনায় যথাযথ এমন বিষয় তদন্ত পরিচালনা করতে পারবে। তদন্ত পরিচালনার ক্ষেত্রে কমিটি যে কোন ব্যক্তিকে তাঁর সম্মুখে উপস্থিত হতে এবং শপথপূর্বক সাক্ষ্য প্রদানের জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করতে পারবে। এছাড়া যে কোন ব্যক্তিকে তার হস্তগত দলিল দস্তাবেজ কমিটির নিকট উপস্থাপনের জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করতে পারবে।

৪। উক্ত Order এর Article 91A এর Clause (6) এর বিধান অনুযায়ী অনুসন্ধান কার্য শেষ হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে কমিটি কমিশনকে অবহিত করবে এবং কোন কার্যের জন্য দায়ী ব্যক্তিকে উক্তরূপ কার্য অবিলম্বে বন্ধ করার জন্য কমিশনের মাধ্যমে আদেশ বা নির্দেশ প্রদানের প্রস্তাব অথবা কোন ত্রুটি-বিচ্যুতির ক্ষেত্রে কোন সুনির্দিষ্ট কার্য সমাধানসহ প্রয়োজনে কোন মিথ্যা বিবরণের যথাযথ সংশোধনের সুপারিশ করতে পারবে। উপর্যুক্ত আদেশ পালনের ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে কমিশন অনধিক **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা করতে পারবে।

৫। উক্ত Order এর Article 91A এর Clause (6a) এর বিধান অনুযায়ী Clause (6) অনুসারে সুপারিশ প্রাপ্তির পর তা বাস্তবায়নের জন্য কমিশন সংশ্লিষ্ট ব্যক্তি বা রাজনৈতিক দলকে প্রয়োজনীয় আদেশ বা নির্দেশনা প্রদান করলে উক্ত ব্যক্তি বা রাজনৈতিক দল তাৎক্ষনিক তা প্রতিপালন করবে। উক্ত আদেশ বা নির্দেশনা পালনের ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে কমিশন অন্যূন ২০,০০০/-(বিশ হাজার) টাকা অনধিক ১,০০,০০০/-(একলক্ষ) টাকা জরিমানা করতে পারবে এবং গেজেট নোটিফিকেশন এর মাধ্যমে প্রার্থীর প্রার্থিতা বাতিল করতে পারবে।

৬। **নির্বাচন-পূর্ব অনিয়ম:** উক্ত Order এর Article 91A এর Clause (7) অনুযায়ী কমিশন সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ তে উল্লিখিত কার্য বা ত্রুটি-বিচ্যুতি সম্পাদন এবং ক্ষেত্রমত সম্পাদন হতে বিরত থাকাকে নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে নির্ধারণ করেছে। উক্ত Order-এর অধিনে সংঘটিত যে কোন অপরাধ Article 91A এর Clause (1) এর বিধান অনুযায়ী কমিটির অনুসন্ধানের আওতাভুক্ত হওয়া সত্ত্বেও যেহেতু উক্ত Order এর Article 91A এর Clause (7) এর বিধান অনুযায়ী সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর যে কোন বিধানের লংঘনকে নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে নির্ধারণ করা হয়েছে, সেহেতু কেবলমাত্র এই বিষয়ে নির্বাচনি অনুসন্ধান কমিটি যথাযথ আইনানুগ ব্যবস্থা নিবেন। এখানে লক্ষ্য রাখা প্রয়োজন যে, দেশের প্রচলিত আইন মোতাবেক অন্যান্য অপরাধের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়ায় অপরাধটি ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচারামলে নেয়ার পর উপর্যুক্ত আদালত কর্তৃক বিচার কার্য সম্পন্ন করা আইনসম্মত।

৭। উক্ত Order এর Article 91A এর Clause (8) ও Clause (9) এর বিধান মতে কমিটির সম্মুখে যে কোন কার্যক্রম দন্ডবিধির ১৯৩ ও ২২৮ ধারার বিধান অনুযায়ী বিচার বিভাগীয় কার্যক্রম হিসাবে গণ্য হবে এবং দেওয়ানী কার্য-বিধির অধিনে মামলা পরিচালনার ক্ষেত্রে দেওয়ানী আদালতের, যে কোন ব্যক্তির উপস্থিতি নিশ্চিতকরণ ও শপথপূর্বক তাকে পরীক্ষাকরণ এবং দলিল দস্তাবেজ উপস্থাপনের ব্যাপারে নির্দেশ প্রদান সংক্রান্ত যে সকল ক্ষমতা রয়েছে উক্তরূপ সকল ক্ষমতা কমিটির থাকবে।

৮। নির্বাচন-পূর্ব অনিয়ম যথাযথ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য নির্বাচনি তদন্ত কমিটির কর্মকর্তাদের তদন্তকার্য শেষ হওয়ার সঙ্গে সঙ্গে তাঁদের সুপারিশ নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন)-এর E-mail: ds_la@ecs.gov.bd এতদসংগে **সংশ্লিষ্ট নির্দিষ্ট ছকে** প্রেরণ করবেন এবং মূল অনুসন্ধান প্রতিবেদনের অনুলিপি খামের উপরিভাগে ''গোপনীয়'' কথাটি উল্লেখপূর্বক নিম্ন-স্বাক্ষরকারীর নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

৯। নির্বাচনি অনুসন্ধান কমিটি হিসেবে দায়িত্ব পালনের ব্যাপারে আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

১০। অনুসন্ধান কার্য পরিচালনার ব্যাপারে নির্বাচনি অনুসন্ধান কমিটির চাহিদা অনুসারে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ কমিশনার, পুলিশ সুপার, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

১১। নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে একজন প্রার্থীর নির্বাচনি ব্যয়, নির্বাচনি অপরাধসহ নির্বাচনি অনুসন্ধান কমিটির গঠন, দায়িত্ব এবং রাজনৈতিক দল ও প্রার্থীগণের জন্য প্রণীত আচরণ-বিধি সম্পর্কে স্পষ্ট ধারণা অর্জনের নিমিত্ত জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েল প্রেরণ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২৯.১০.২০২৩

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail: ds_la@ecs.gov.bd

০১। জনাব.........., যুগ্ম জেলা ও দায়রা জজ, সংশ্লিষ্ট
ও চেয়ারম্যান, নির্বাচনি অনুসন্ধান কমিটি
০২। জনাব........., সিনিয়র সহকারী জজ/ সহকারী জজ, সংশ্লিষ্ট ও সদস্য, নির্বাচনি অনুসন্ধান কমিটি

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১০৯ তারিখঃ ২৯ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ, ....(সংশ্লিষ্ট)
৪. বিভাগীয় কমিশনার, ....(সংশ্লিষ্ট) বিভাগ
৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৮. উপমহাপুলিশ পরিদর্শক, ....(সংশ্লিষ্ট)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ....(সংশ্লিষ্ট)
১০. জেলা প্রশাসক, ....(সংশ্লিষ্ট)
১১. পুলিশ সুপার, ....(সংশ্লিষ্ট)
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ....(সংশ্লিষ্ট) অঞ্চল ও রিটার্নিং অফিসার, নির্বাচনি এলাকা
১৩. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ....(সংশ্লিষ্ট) (জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
১৫. সহকারী রিটার্নিং অফিসার, ... (সংশ্লিষ্ট)
১৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,...... (সংশ্লিষ্ট)
১৭. উপজেলা নির্বাহী অফিসার,...... (সংশ্লিষ্ট)
১৮. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. উপজেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)
২৩. অফিসার ইনচার্জ,........................(সংশ্লিষ্ট)
২৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯/১০/২০২৩

(সাবিনা ইয়াসমীন)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১১০ তারিখ: ২৯ অক্টোবর ২০২৩

# পরিপত্র-১০

**বিষয়: একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত আসনের নির্বাচনে 'নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)' এর কর্মকর্তাগণের ভোট গ্রহণের তারিখ ও উহার অব্যবহিত পূর্বের কার্যকলাপের বিষয়ে দিক নির্দেশনা ও আনুষঙ্গিক খাতে প্রদত্ত অর্থের ব্যয় নির্বাহ প্রসংগে।**

নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 91A এর অধিন বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সমন্বয়ে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় **'নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)'** গঠন করা হয়েছে এবং এর কার্যক্রম অব্যাহত রয়েছে।

২। একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ ও ২৭৬ লক্ষ্মীপুর-৩ আসনের নির্বাচন উপলক্ষে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালার বিধি ৮(ঘ) এবং ১১(ঘ) অনুযায়ী নির্বাচনে শান্তি-শৃংখলা রক্ষার সুবিধার্থে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালাতে পারবেন না এবং অস্ত্র বিস্ফোরক এবং Arms Act, 1878 এর সংজ্ঞা অনুযায়ী Fire Arms বা অন্য কোন Arms বহন করতে পারবেন না।

৩। নির্বাচনের দিন বা ভোট গ্রহণের তারিখের পূর্বে কোন দল, মহল বা প্রার্থী কর্তৃক উল্লিখিত রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালার লংঘন হচ্ছে কিনা তা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অথবা নালিশের প্রেক্ষিতে অথবা স্ব-উদ্যোগে উক্তরূপ লংঘন পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail: ds_la@ecs.gov.bd এ **সংশ্লিষ্ট নির্দিষ্ট ছকে** প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। উপরিউক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নির্বাচনি তদন্ত কমিটির গাড়ী ব্যবহার ও পুলিশ কর্তৃক নিরাপত্তা প্রদান করা আবশ্যক। অতএব, নির্বাচনি অনুসন্ধান কমিটির রিকুইজিশন সাপেক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার সার্বক্ষণিকভাবে একটি গাড়ী ও দুইজন অস্ত্রধারী পুলিশ ন্যস্ত করার নিশ্চয়তা বিধান করবেন।

৫। একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ ও ২৭৬ লক্ষ্মীপুর-৩ আসনের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার নির্বাচনি অনুসন্ধান কমিটির আনুষঙ্গিক ব্যয় নির্বাহের নিমিত্ত প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। নির্বাচনি তদন্ত কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তার মাধ্যমে উক্ত অর্থ ব্যয়িত হবে এবং নির্বাচন শেষ হওয়ার ১(এক) মাসের মধ্যে প্রতিটি ব্যয়ের লেনদেনের রশিদ ও অব্যয়িত অর্থ সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার বরাবরে হস্তান্তর করতে হবে।

৬। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জেলা নির্বাচন অফিসার-কে অবিলম্বে **'নির্বাচনি অনসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)'** এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ অনুসন্ধান কমিটির জ্যৈষ্ঠ কর্মকর্তার বরাবরে অর্পণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২৯.১০.২০২৩

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail: ds_la@ecs.gov.bd

১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া ও লক্ষ্মীপুর
২। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ও লক্ষ্মীপুর
৩। রিটার্নিং অফিসার, ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ ও ২৭৬ লক্ষ্মীপুর-৩ নির্বাচনি এলাকা
৪। জনাব ......., যুগ্ম জেলা ও দায়রা জজ, (সংশ্লিষ্ট)
ও চেয়ারম্যান, নির্বাচনি অনুসন্ধান কমিটি
৫। জনাব ......., সিনিয়র সহকারী জজ/সহকারী জজ, (সংশ্লিষ্ট) ও সদস্য, নির্বাচনি অনুসন্ধান কমিটি

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১১০ তারিখঃ ২৯ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ, .....(সংশ্লিষ্ট)
৪. বিভাগীয় কমিশনার, .....(সংশ্লিষ্ট) বিভাগ
৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৮. উপমহাপুলিশ পরিদর্শক, .....(সংশ্লিষ্ট)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, .....(সংশ্লিষ্ট)
১০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সংশ্লিষ্ট) অঞ্চল ও রিটার্নিং অফিসার, নির্বাচনি এলাকা
১১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ঢাকা (জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
১৩. সহকারী রিটার্নিং অফিসার, ...(সংশ্লিষ্ট)
১৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,......(সংশ্লিষ্ট)
১৫. উপজেলা নির্বাহী অফিসার,......(সংশ্লিষ্ট)
১৬. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. উপজেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)
২১. অফিসার ইনচার্জ,........................(সংশ্লিষ্ট)
২২. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯/১০/২০২৩

(সাবিনা ইয়াসমীন)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭

একাদশ জাতীয় সংসদের শূন্য ঘোষিত ঘোষিত ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ ও ২৭৬ লক্ষীপুর-৩ আসনের নির্বাচন উপলক্ষে প্রাপ্ত অভিযোগের বিষয়ে নির্বাচনি অনুসন্ধান কমিটির রিপোর্ট

অভিযোগ নং............................./২০২৩ খ্রি.

প্রেরক:...............................
তারিখ:..............................

প্রাপক:................................

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| নির্বাচনী এলাকার নাম ও নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা অথবা নির্বাচনি অনুষন্ধান কমিটি কর্তৃক স্ব-উদ্যোগে হলে তার বিবরণ | নির্বাচনি অনুষন্ধান কমিটির নিকট অভিযোগকারীর অভিযোগ পেশের তারিখ ও সময় অথবা নির্বাচনি অনুষন্ধান কমিটি কর্তৃক স্ব-উদ্যোগে হলে অবলোকনের তারিখ ও সময় | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে, তার নাম ও ঠিকানা | সংক্ষেপে অভিযোগের বিবরণ | তদন্ত কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সিদ্ধান্ত প্রদানের তারিখ ও সময় | সিদ্ধান্ত প্রদানের কারণসহ সংক্ষিপ্ত সুপারিশ |
| | | | | | | |

নাম ও স্বাক্ষর: ..........................................
সদস্য, নির্বাচনি অনুষন্ধান কমিটি
সিনিয়র সহকারী জজ / সহকারী জজ
...........................................

নাম ও স্বাক্ষর: ......................................
চেয়ারম্যান, নির্বাচনি অনুষন্ধান কমিটি
যুগ্ম জেলা ও দায়রা জজ
.....................................